



# UNITED PEOPLE'S DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Mobile: 01552559763, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২০ ফেব্রুয়ারী ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

### রাঙ্গামাটির সাজেকে সেনা-সেটলার হামলা: নিহত পাহাড়ি চার, আহত অনেক, দেড় শতাধিক বাড়িঘরে অগ্নিসংযোগ

রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলাধীন সাজেক ইউনিয়নে সেনাবাহিনী ও সেটলার হামরায় চার পাহাড়ি নিহত ও অনেকে আহত হয়েছেন। এছাড়া হামলাকারীরা একটি বৌদ্ধ বিহার, একটি গীর্জা ও একটি ইউএনডিপি পরিচালিত পাড়াকেন্দ্রসহ দেড় শতাধিক বাড়িঘর ও দোকানপাট জ্বালিয়ে দেয়। হামলার পর বনানী বন বিহারের বৌদ্ধ ভিক্ষু পূর্ববাস সহ এখনো অনেকে নিখোঁজ রয়েছেন।

গত শুক্রবার রাত সাড়ে দশটার দিকে প্রথম হামলা শুরু হয়। বাঘাইহাট আর্মি জোন থেকে একদল সেনা সদস্য ও সেটলার বাঙালি গঙ্গারাম দোরে গিয়ে প্রথমে পাহাড়িদের বাড়িঘরে আগুন লাগিয়ে দেয়। পরে তারা লাদুমনি বাজারের ৭টি দোকানও পুড়িয়ে দেয়। পাহাড়ি গ্রামবাসীরা এ সময় সবাই ভয়ে গ্রাম ছেড়ে পালিয়ে যায়। সেটলাররা এ সুযোগে ব্যাপক লুটপাট চালায়।

উক্ত হামলার পর আজ সকালে পাহাড়িরা গঙ্গারাম দোরে জড়ো হলে আর্মি ও সেটলাররা আবার সেখানে যায় ও পাহাড়িদেরকে সেখান থেকে চলে যেতে নির্দেশ দেয়। কিন্তু পাহাড়িরা তা অগ্রাহ্য করে ও গতরাতের হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানায়। এ সময় সকাল ১০:২৫টার দিকে সেনারা নিরস্ত্র পাহাড়ি নারী পুরুষের উপর কোন ধরনের উস্কানি ছাড়া অতর্কিতে গুলি চালায়।

এর কয়েক মিনিট পর সাড়ে দশটার দিকে সেনা সদস্যদের অন্য একটি দল কাচালং নদীর পাড়ে চাকমাদের গুচ্ছগ্রামে হামলা চালায়। সেখানেও সেনারা নির্বিচারে গুলি চালালে বেশ কয়েকজন নিহত ও আহত হয়। সেনারা গুচ্ছগ্রামের ঘরবাড়ি জ্বালিয়ে দেয়।

এছাড়া সেনারা পূর্বপাড়া গ্রামেও হানা দিয়ে পাহাড়িদের বাড়িঘরে অগ্নিসংযোগ করে। তারা বনানী বন বিহারও পুড়িয়ে ছায় করে দেয়।

ঘটনাস্থলে নিহত চারজনের মধ্যে তিন জনের নাম পাওয়া গেছে। তারা হলেন লক্ষ্মি বিজয় চাকমা, লিটন চাকমা ও বুদ্ধপতি চাকমা।

আহতদের কয়েকজনের নাম পাওয়া গেছে। তারা হলেন শান্ত শীল চাকমা, মৃত্যুঞ্জয় চাকমা, সুশীল জীবন চাকমা, ভারত জ্যোতি চাকমা, বিজামা চাকমা ও রেখা দেবী চাকমা। এখনো যারা নিখোঁজ রয়েছেন তারা হলেন দয়াল চাকমা, চিরঞ্জীব চাকমা, নিপু চাকমা ও পূর্ববাস ভিক্ষু।

সেনারা গতরাত থেকে আজ পর্যন্ত ৬ জনকে হেফতার করেছে। তাদের মধ্যে একজনের নাম জানা গেছে। তিনি হলেন বাবু চাকমা। তাকেসহ অন্যান্যদেরকে মারধর ও বাঘাইহাট জোনে আটক রাখা হয়েছে।

ঘটনাস্থল পরিদর্শদের জন্য যেতে চাইলে সেনারা সুদর্শন চাকমাসহ স্থানীয় নেতৃবৃন্দকে বাধা দেয়। কেবল বাঘাইছড়ি উপজেলা নির্বাহী অফিসারকে সেখানে যেতে দেয়া হয়। প্রশাসন এলাকায় ১৪৪ ধারা জারি করেছে।

### প্রতিবাদ

ঘটনার প্রতিবাদে ইউপিডিএফ ও তার অঙ্গ সংগঠনগুলো খাগড়াছড়ি, পানছড়ি, দীঘিনালা, নান্যাচর, কুদুকছড়ি, ঢাকা ও চট্টগ্রামসহ বিভিন্ন স্থানে বিক্ষোভ সমাবেশ করেছে। সাজেকে বর্বর হামলার প্রতিবাদে ইউপিডিএফ-ভুক্ত গণতান্ত্রিক যুব ফোরাম আগামী ২২ ফেব্রুয়ারী খাগড়াছড়ি ও রাজমাটি জেলায় সড়ক ও নৌ পথ অবরোধের ডাক দিয়েছে। এ ছাড়া ২১ তারিখও বিভিন্ন স্থানে বিক্ষোভ অব্যাহত থাকবে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের সভাপতি প্রসিত বিকাশ খীসা ও সাধারণ সম্পাদক রবি শঙ্কর চাকমা সাজেকে হামলা ও নির্বিচারে গুলি চালিয়ে নিরীহ মানুষ হত্যার তীব্র নিন্দা জানিয়েছেন। তারা পার্বত্য চট্টগ্রাম থেকে সেনাবাহিনী ও সেটলার প্রত্যাহার, দোষীদের শাস্তি ও ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)